| ক্রমিক নং | বিষয়বস্তু | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | জাপানিজ আইটি সেক্টরের উপযোগী করে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন প্রকল্প |
| ২ | মেয়াদ | অগাস্ট'২০১৭ হতে এপ্রিল'২০২১ পর্যন্ত |
| ৩ | প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস / পরিমান:<br>বৈদেশিক সাহায্য — ৩৮৫৭.৬৮ (লক্ষ টাকায়)<br>জিওবি — ৬১৭.৩৪ (লক্ষ টাকায়)<br>মোট — ৪৪৭৫.০২ (লক্ষ টাকায়) |
| ৪ | জনবল | কর্মকর্তা: ০১ জন<br>কর্মচারী: ০৩ জন |
| ৫ | পটভূমি | • জুলাই ২০১৫ তে প্রকাশিত আইএমএফ এর ওয়ার্কিং পেপার (WP/15/181) অনুযায়ী, জাপানের নিজস্ব শ্রমশক্তি আগামী দুই দশকে সঙ্কুচিত হবে। জাপানের নিজস্ব জনশক্তি ২০১০ সালে ৬৩.০ মিলিয়ন থেকে নেতিবাচক ধারায় ২০৩০ সালে ৫৪.৫ মিলিয়নে নেমে আসবে হবে বলে ধারণা করা হচ্ছে। জাপানি মার্কেটের জন্য কাজ করতে পারে এমন দক্ষ আইটি ইঞ্জিনিয়ারদের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশে প্রচুর আইসিটি পেশাজীবী রয়েছে, প্রতি বছর ৩০০০+ আইসিটি গ্রাজুয়েট বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে পাস করছে, যারা জাপানের বাজারে দক্ষ আইসিটি জনবলের অভাব পূরণের সুযোগ গ্রহণ করতে পারে।<br>• আইসিটি'র ক্ষেত্রে জাপান হচ্ছে যুক্তরাষ্ট্র এবং ইউরোপের বাজারের পরে বিশ্বের তৃতীয় বৃহত্তম বাজার। তথাপি জাপানি মার্কেটে প্রবেশের প্রতিবন্ধকতা হচ্ছে জাপানিজ ভাষা, জাপানিজ বিজনেস কালচার এবং আইসিটি পেশাজীবীদের প্রফেশনাল সার্টিফিকেশন।<br>• আইসিটি পেশাজীবীদের প্রফেশনাল সার্টিফিকেশন (ITEE) ব্যবস্থা বাংলাদেশে চালু করার লক্ষ্যে জাইকার সহায়তায় "ক্যাপাসিটি বিল্ডিং অন আইটিইই ম্যানেজমেন্ট প্রকল্প" (২০১২-২০১৫) মেয়াদে বাস্তবায়ন করা হয়। ফলস্বরূপ, আইটিইই সফলভাবে বাংলাদেশে চালু করা হলেও এটি এখনো ব্যাপকভাবে পরিচিত নয় এবং পরীক্ষায় পাশের হার অত্যন্ত কম। এই প্রকল্প গ্রহণের মাধ্যমে আইটিইই পরীক্ষার ব্র্যান্ডিং ও প্রমোশন কার্যক্রম বৃদ্ধি করা হবে, যাতে বাংলাদেশের সকল আইসিটি গ্রাজুয়েট ও পেশাজীবীদের আন্তর্জাতিক মানদণ্ডে পরিমাপ করাসহ পরীক্ষায় পাশের হার বৃদ্ধি করা যায়, যা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থান, বৈদেশিক মুদ্রা ও বাংলাদেশে বিদেশী বিনিয়োগ বৃদ্ধিতে সহায়তা করবে।<br>• এই প্রকল্প বাস্তবায়নের ফলে জাপানে বাংলাদেশী আইসিটি প্রফেশনালদের প্রেরণ করে তাঁদের কর্মসংস্থান সৃষ্টিসহ বৈদেশিক মুদ্রা অর্জনের পথ প্রশস্ত হবে। অপরদিকে জাপানি আইসিটি কোম্পানিসমূহ বাংলাদেশের আইসিটি মার্কেটে তাদের বিনিয়োগে আগ্রহী হবে। |
| ৬ | লক্ষ্য ও উদ্দেশ্য | • বাংলাদেশের আইসিটি পেশাজীবীদের ব্র্যান্ড ইমেজ আন্তর্জাতিক পরিমণ্ডলে বৃদ্ধি করা;<br>• জাপানিজ আইসিটি মার্কেটের উপযোগী করে দক্ষ আইসিটি জনবল তৈরী করা;<br>• আইসিটি পেশাজীবীদের জাপান ও বাংলাদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;<br>• জাপানি আইসিটি মার্কেটের উপযোগী করে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়নের জন্য আইসিটি ইন্ডাস্ট্রি এর সহযোগিতায় একটি রোল মডেল প্রণয়ন করা;<br>• বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ITEE পরীক্ষার কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা;<br>• ITPEC (Information Technology Professionals Examination Council) সদস্য দেশগুলোর মধ্যে ITEE পরীক্ষায় পাসের হার সর্বোচ্চ করার লক্ষ্যে ITEE পরীক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সহায়তা করা;<br>• Information Technology Engineers Examination (ITEE) পরীক্ষার প্রশ্ন প্রণয়ন কমিটির সদস্যদের উচ্চ মানের প্রশ্ন প্রণয়নে সহায়তা প্রদান;<br>• ITEE (IT Engineers Examination) সহ আইটি পেশাজীবী ও গ্রাজুয়েটদের দক্ষতা উন্নয়নে সহায়তা প্রকল্প বাস্তবায়নে বিসিসি'র সক্ষমতা বৃদ্ধি করা। |
| ৭ | প্রকল্পের উল্লেখ্যযোগ্য কম্পোনেন্ট | • আইটি গ্রাজুয়েট ও পেশাজীবীদের জাপানিজ ভাষা, বিজনেস কালচার ও আইটি এর উপর ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান;<br>• বিশ্ববিদ্যালয়সমূহের কম্পিউটার সায়েন্স/আইটি বিষয়ক চতুর্থ বর্ষের ছাত্রদের জন্য ১২০ ঘন্টা মেয়াদী ITEE পরীক্ষার কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান;<br>• আইটিইই পরীক্ষার ব্র্যান্ডিং ও প্রমোশনে সেমিনার/ওয়ার্কশপ আয়োজন। |
| ৮ | বাস্তবায়ন অগ্রগতি (২০১৮-২০১৯ অর্থ বছর) | আর্থিক অগ্রগতি: ৯২.১৫%।<br>বাস্তব অগ্রগতি: ৯৫ %। |
| ৯ | প্রশিক্ষণ | স্থানীয়: ৯০০ জন<br>বৈদেশিক: ৬ জন |

| | | |
|---|---|---|
| ১০ | সেমিনার/কর্মশালা/আয়োজিত ইভেন্ট ও প্রতিযোগিতা | • ১৬১ জনকে জাপানিজ ভাষা, বিজনেস কালচার ও আইটি এর উপর ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান;<br>• ITEE পরীক্ষায় পাশের হার বৃদ্ধির লক্ষ্যে ১৯৪ জন ITEE পরীক্ষার্থীকে ৫ দিনের বিশেষায়িত প্রশিক্ষণ এবং ৩১৩ জন ITEE পরীক্ষার্থীকে ৮ দিনের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান;<br>• ITEE পরীক্ষায় পাশের হার বৃদ্ধির লক্ষ্যে জাপানিজ প্রফেসর এর সহায়তায় ২৮৪ জন ITEE পরীক্ষার্থীকে ২ দিনের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান;<br>• ২০০ জন ITEE পরীক্ষার্থীকে ১ দিনের ব্রিফিং সেশন প্রদান;<br>• ITEE পরীক্ষায় উত্তীর্ণদের BASIS Soft Expo 2019 এ সম্বর্ধনা (ITEE Passers' Celebration) প্রদান;<br>• ১০০০ জন ITEE পরীক্ষার্থীর জন্য ITEE পরীক্ষার ৬টি মডেল টেস্ট বুয়েটে বিভিন্ন সময় আয়োজন;<br>• ITEE পরীক্ষার প্রশ্ন প্রণয়নকারীদের নিয়ে কক্সবাজারে ৩ দিনব্যাপী Question Formulation Meeting আয়োজন;<br>• বুয়েটের সিএসই বিভাগের ৩০ জন শিক্ষককে নিয়ে ITEE বিষয়ক মোটিভেশনাল সেশন আয়োজন;<br>• বিভিন্ন বিশ্ববিদ্যালয়, আইটি ইন্ডাস্ট্রি ও সরকারী প্রতিষ্ঠানরে ৫০ জনকে বাংলাদেশে ITEE বিষয়ক TOT প্রশিক্ষণ এবং ০৬ জনকে জাপানে প্রশিক্ষণ প্রদান;<br>• ITEE পরীক্ষা সংক্রান্ত ২টি সেমিনার বেসিসে, ৮টি সেমিনার বেসিসের সদস্য ৮টি কোম্পানীতে ও ১২টি সেমিনার ১২টি বিশ্ববিদ্যালয়ে আয়োজন;<br>• ৮টি বিশ্ববিদ্যালয়ে ITEE পরীক্ষার উপর অন-ক্যাম্পাস প্রচারণা/ক্যাম্পেইন। |
| ১১ | কর্ম সংস্থান | • জাপানিজ ভাষা, বিজনেস কালচার ও আইটি এর উপর ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ ১৬১ জনকে প্রদান করা হয় এবং ১৫৫ জন উক্ত প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করেন। এদের মধ্যে ১১৮ জনের কর্ম সংস্থান জাপানে প্রদান করা হয়েছে এবং ৩৭ জনের কর্ম সংস্থান জাপান-বেইজড বাংলাদেশী কোম্পানীতে করা হয়েছে। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের মধ্যে কর্ম সংস্থানের হার ১০০%। |

**চলামান ও সমাপ্ত উল্লেখ্যযোগ্য কার্যক্রমের ছবি ক্যাপশন সহ:**



ITEE Seminar at United International University




ITEE Passers’ Celebration @Basis Soft Expo 2019




ITEE Passers’ Celebration at BASIS SoftEXPO 2019




Celebrating Highest Scorers in ITEE Exam among Asia



ITEE Intensive Training Course @BCC



ITEE Model Test @BUET



Written Test for selection of B-JET Trainee




B-JET Certificate Awarding Ceremony-1




B-JET Certificate Awarding Ceremony-2